তারিখ 20 DEC 2015
পৃষ্ঠা ১ কলাম ৩

কালের কণ্ঠ

# মেডিক্যালের ইন্টার্নশিপ ২ বছর হতে পারে'

নিজস্ব প্রতিবেদক ▷

সরকার মেডিক্যাল কলেজ শিক্ষার্থীদের ইন্টার্নশিপ এক বছরের পরিবর্তে দুই বছর করার কথা ভাবছে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। এর মধ্যে এক বছর সংশ্লিষ্ট মেডিক্যাল কলেজে এবং আরেক বছর নিজ গ্রামে ইন্টার্নশিপ করতে হবে। ইন্টার্নশিপের মেয়াদ বাড়ানোর বিষয়ে প্রধানমন্ত্রীর সম্মতি রয়েছে বলেও

▶▶ পৃষ্ঠা ৭ ক. ৫

## মেডিক্যালের ইন্টার্নশিপ

▶▶ প্রথম পৃষ্ঠার পর

জানান স্বাস্থ্যমন্ত্রী। বর্তমানে মেডিক্যাল কলেজ শিক্ষার্থীদের এমবিবিএস ডিগ্রির পর এক বছর নিজ প্রতিষ্ঠানে ইন্টার্নশিপ করতে হয়।

গতকাল শনিবার দুপুরে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মিলন হলে আয়োজিত এক অনুষ্ঠানে ইন্টার্নশিপের মেয়াদ বাড়ানোর ব্যাপারে এ কথা জানান মন্ত্রী। অ্যাসোসিয়েশন অব পেডিয়াট্রিক সার্জন্স অব বাংলাদেশের চতুর্থ বার্ষিক সম্মেলন উপলক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সংগঠনের সভাপতি অধ্যাপক ডা. মো. আব্দুল আজিজের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডা. কামরুল হাসান খান, জাতীয় অধ্যাপক ডা. শাহলা খাতুন। অনুষ্ঠানে সংগঠনের অন্য নেতারাও বক্তব্য দেন।

নাসিম বলেন, বর্তমান সরকার সর্বস্তরে স্বাস্থ্যসেবা নিশ্চিতে প্রতিশ্রুতিবদ্ধ। সেই লক্ষ্যেই কাজ করে যাচ্ছে। সর্বস্তরে স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে সরকার এমবিবিএস শিক্ষার্থীদের ইন্টার্নশিপের সময়কাল দুই বছর করার কথা ভাবছে। মেডিক্যাল কলেজ শিক্ষার্থীদের এমবিবিএস ডিগ্রির পর দুই বছর ইন্টার্নশিপ করতে হবে।